সংবাদ

তারিখ 25 MAR 2017
পৃষ্ঠা 4 কলাম ৫

# জাতীয় হাইস্কুল প্রোগ্রামিং প্রতিযোগিতার ঢাকা মহানগর পর্ব অনুষ্ঠিত

বিশ্ববিদ্যালয় বার্তা পরিবেশক

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ দেশের হাইস্কুলের শিক্ষার্থীদের কম্পিউটার প্রোগ্রামিংয়ের প্রতি আগ্রহী করে গড়ে তোলা এবং তাদের দক্ষতা বৃদ্ধির জন্য সারাদেশে অনুষ্ঠিত হচ্ছে 'জাতীয় হাইস্কুল প্রোগ্রামিং প্রতিযোগিতা ২০১৭'। এরই ধারাবাহিকতায় ঢাকা মহানগর আঞ্চলিক আয়োজনের উদ্বোধনী পর্ব গতকাল সকালে ঢাকা বিশ্ববিদ্যালয়ের কার্জন হলে অনুষ্ঠিত হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আআমস আরেফিন সিদ্দিক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বেলুন উড়িয়ে আয়োজনের উদ্বোধন করেন। উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্যকালে তিনি বলেন, সারাবিশ্ব প্রযুক্তি ব্যবহার করে এগিয়ে যাচ্ছে। বাংলাদেশেও প্রযুক্তির ব্যবহার বৃদ্ধি পাচ্ছে। প্রযুক্তির সুফলকে কাজে লাগিয়ে দেশকে এগিয়ে নিতে হবে। তিনি বলেন, তথ্য-প্রযুক্তির কুফল সম্পর্কে সচেতন হতে হবে। প্রোগ্রামিংকে কাজে লাগিয়ে দেশ এগিয়ে নিতে পারাই হবে এ আয়োজনের স্বার্থকতা। অনুষ্ঠানে উপস্থিত বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) সিএসই বিভাগের অধ্যাপক ড. মোহাম্মাদ কায়কোবাদ বলেন, আমাদের দেশে শিক্ষার্থীরা প্রোগ্রামিংয়ে দিন দিন এগিয়ে যাচ্ছে। বিশ্বের বিভিন্ন অঞ্চলে আয়োজিত প্রোগ্রামিং প্রতিযোগিতায় সফলতা পাচ্ছে বাংলাদেশের প্রতিযোগীরা। তথ্য-প্রযুক্তি বিভাগের উপ-সচিব মাহবুবা পান্না বলেন, তথ্য-প্রযুক্তি বিষয়ে নতুন কিছু জানার আগ্রহ থাকতে হবে তরুণদের। এই সেক্টরে শেখার ইচ্ছে থাকাটা জরুরি। জীবনকে আইসিটি ব্যবহার করে আরও সহজ ও সুন্দরভাবে করে গড়ে তুলতে হবে।

বাংলাদেশ ওপেন সোর্স নেটওয়ার্কের (বিডিওএসএন) সাধারণ সম্পাদক মুনির হাসান তরুণদের উদ্দেশ করে বলেন, তুমি যাই হতে চাও না কেন তোমাকে আইসিটি জানলে তুমি অন্যদের থেকে এগিয়ে থাকবে।

উদ্বোধনী অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিএসই বিভাগের শিক্ষক হাসনাইন হেইকেল জামি, আইআইটি বিভাগের শিক্ষক ড. এবিএম মাইনুল হোসেন রাজু প্রমুখ।